

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-২ অধিশাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৯.০১০.০২.০০.০০১.২০১৬- ৩৫৭

তারিখঃ ০২ মে ২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১৬ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে অনুষ্ঠিত ৪৪তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ পরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-১৯৮, তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ২০১০-২০১১ সালের হিসাব নিরীক্ষাকালে নিরীক্ষা অনুচ্ছেদ ১৪ মূলে অনিয়মিতভাবে কার লোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী বাবদ ১৮,৬৮,৯৪৭/- টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়। উত্থাপিত অডিট আপত্তির বিষয়ে দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪তম বৈঠকের (১৬ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে অনুষ্ঠিত) সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক নীতিমালার বাইরে নির্ধারিত সীমার অতিরিক্ত জ্বালানী খরচ হয়েছে কিনা তার প্রত্যয়নসহ সরকার কর্তৃক অনুমোদিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কার লোন সংক্রান্ত নীতিমালার কপি প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের পত্রের মর্মানুযায়ী যথাযথ নীতিমালা ও প্রত্যয়নসহ ২(দুই) সেট প্রমাণক আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
চট্টগ্রাম।

  
০২.৫.১৬  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪০৩২৬।

ই-মেইলঃ [lgd.gov.audit1@gmail.com](mailto:lgd.gov.audit1@gmail.com)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম-সচিব (অডিট/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ।
৩. পরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৬. সংরক্ষণ নথি।